

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট।

ইলেকট্রনিক্স ফান্ড ট্রান্সফার (ইএফটি) ফরম পূরণ সম্পর্কিত নির্দেশনাবলী:

বেতন সংক্রান্ত তথ্যের জন্য সংযুক্ত অক্টোবর/২০২০ মাসের বেতন বিল/চাকুরীতে যোগদান সম্পর্কিত তথ্য এবং ব্যক্তিগত তথ্যের জন্য আপনার বাসায় সংরক্ষিত ব্যক্তিগত নথি অনুসরণ করবেন/জিপিএফ সংক্রান্ত তথ্যের জন্য হিসাবরক্ষণ অফিস থেকে সংগৃহীত ২০১৯-২০ অর্থ বছরের স্লিপ অনুসরণ করবেন/ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যের জন্য চেক বুক অনুসরণ করবেন। উল্লেখ্য যে, ফরম পূরণের ক্ষেত্রে সকল প্রকার তথ্য আপনার কাছে সংরক্ষিত আছে অথবা তথ্য সরবরাহ করা হয়েছে বিধায় শিক্ষা অফিসে টেলিফোনিক/স্বশরীরে যোগাযোগ যতদূর সম্ভব এড়িয়ে চলার জন্য বিনীত অনুরোধ করা হলো।

১. অত্রাফিসের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ইএফটি ফরম পূরণ করতে হবে। কেননা অনলাইনে দাখিলের নিমিত্তে আংশিক তথ্য সংযোজন করা হয়েছে।
২. সংযুক্ত অক্টোবর/২০২০ মাসের বেতন বিবরণীতে শিক্ষকের নামের বিপরীতে উল্লেখিত ক্রমিক নম্বর ইএফটি ফরমের উপরের নির্ধারিত অংশে লিখা বাধ্যতামূলক।
৩. বেতন সংক্রান্ত তথ্য অক্টোবর/২০২০ মাসের বেতন বিলের কপি দেখে পূরণ করবেন।
৪. ফরমের নির্ধারিত যে যে অংশে বাংলায় অথবা ইংরেজীতে লিখার কথা রয়েছে, সেক্ষেত্রে বাংলায় অথবা ইংরেজীতে লিখতে হবে।
৫. ফরমটি কম্পিউটার কম্পোজ করে পূরণ করাটা উত্তম।
৬. যে সকল শিক্ষকের জিপিএফ অগ্রিম চলমান রয়েছে, সে সকল শিক্ষক জিপিএফ অগ্রিম এর অংশে (৪.২ নং কলাম) মঞ্জুরি নম্বর/মঞ্জুরীর তারিখ/কিস্তি পরিশোধ শুরুর তারিখ এই ০৩ (তিন) টি অপশন খালি রেখে বাকি অপশনগুলো অবশ্যই পূরণ করবেন।
৭. বর্তমান ঋন সংক্রান্ত তথ্যাদি (কলাম নং: ৫.০) খালি থাকবে। পূরণ করার প্রয়োজন নেই।
৮. অনুমোদিত ছুটি (কলাম নং: ৬.১) এ ধারাবাহিকভাবে ১ম মাতৃ ছুটি/২য় মাতৃ ছুটি/মেডিকেল ছুটি/অসাধারণ ছুটি/বহি: বাংলাদেশ ছুটি/সংঘনিরোধ ছুটি/অন্যান্য ছুটির সঠিক তথ্য লিখতে হবে।
৯. লিয়েন (কলাম নং: ৬.২) খালি থাকবে। পূরণ করার প্রয়োজন নেই।
১০. শৃঙ্খলামূলক ব্যবস্থা (কলাম নং: ৭.০) খালি থাকবে। পূরণ করার প্রয়োজন নেই।
১১. ব্যাংক হিসাব নম্বর অবশ্যই সোনালী ব্যাংক লিমিটেডের হতে হবে।
১২. ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩ (তের) ডিজিটের হতে হবে।
১৩. ব্যাংক রাউটিং নম্বর চেক বুক থেকে দেখে লিখতে হবে।
১৪. ই-টিআইএন নম্বর তারাই লিখবেন যাদের মূলবেতন ১৬০০০/= টাকা বা তার উপরে।
১৫. ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করবেন।
১৬. ফরম পূরণ করে নিজের কাছে সংরক্ষিত রাখবেন। পরবর্তী নির্দিষ্ট তারিখ ঘোষণার পর সকল সহকারী শিক্ষকগণ তাদের ফরম পূরণ করে প্রধান শিক্ষকের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসে জমা করবেন।
১৭. কোন রকম জিজ্ঞাসা থাকলে ফেইসবুক এর পোস্টের কমেণ্টস এ লিখতে পারেন।
১৮. অত্রাফিস কর্তৃক এ সম্পর্কিত ফেইসবুক পোস্ট করলে অনুগ্রহপূর্বক শেয়ার করবেন না, ব্যাপক প্রচারের স্বার্থে শুধুমাত্র লাইক দিয়ে সহযোগিতা করবেন। কেননা উক্ত পোস্ট এর বিপরীতে কমেণ্টস সেকশনে অনেক জিজ্ঞাসা/প্রশ্ন-উত্তর পর্ব থাকে।